

MODEL QUESTION

CLASS XII : বাংলা : Term II (Board Final) : 2022 : Marks 40

I. সঠিক উত্তরটি লেখো :-

1x10=10

1. 'নারী' কবিতাটি লিখেছেন :
(ক) রবীন্দ্রনাথ ঠাকুর (খ) কাজী নজরুল ইসলাম
(গ) সুকান্ত ভট্টাচার্য (ঘ) দিনেশ দাস
2. 'ক্ষুদ্র আমি তুচ্ছ নই' - বক্তা কে ?
(ক) সদ্য অক্ষুরিত বীজ (খ) বটবৃক্ষ (গ) বৃক্ষ শিশু (ঘ) বনস্পতি
3. আকাশের সঙ্গে যাকে একসূত্রে গাঁথা যায় না :
(ক) জীবজগৎকে (খ) সমুদ্রকে (গ) বাতাসকে (ঘ) পাতালকে
4. "তিনি হলেন নর-অবতার" - 'নর অবতার' হলেন :
(ক) বামন (খ) নৃসিংহ (গ) পরশুরাম (ঘ) বলরাম
5. গত শতাব্দীর নায়কদের মধ্যে প্রবল ছিল :
(ক) আত্মাভিমান (খ) ভালোবাসা (গ) হিংসা (ঘ) যুগজিজ্ঞাসা
6. 'আধুনিক যুগে বেঁচে থাকা শক্তি।' কাদের ?
(ক) শিল্পীদের (খ) সাহিত্যিকদের (গ) পরমাণু বিজ্ঞানীদের (ঘ) কৃষকদের
7. লবকুশে বনে ত্যাজিয়াছে রাম, পালন করেছে :
(ক) সাবিত্রী (খ) সীতা (গ) মন্দোদরী (ঘ) কৈকেয়ী
8. "যাকে বলে হিউম্যানিজম" - 'হিউম্যানিজম' শব্দের বাংলা অর্থ হল :
(ক) নবজাগরণ (খ) অহিংসা (গ) নৈতিকতা (ঘ) মানবিকতা
9. উদ্দাম হাওয়ার তালে তালে বক্তা নেড়ে যাবে :
(ক) হাত (খ) পা (গ) ঘাড় (ঘ) মাথা
10. নারীর বিরহে, নারীর মিলনে নর পেল :
(ক) কবি-প্রাণ (খ) অপমান (গ) গালি (ঘ) প্রশংসা

II. এক একটি পূর্ণাঙ্গ বাক্যে নীচের প্রশ্নগুলির উত্তর দাও :-

1x20=20

11. কবি সুকান্ত ভট্টাচার্যের আগামী কবিতার উৎসগ্রন্থের নাম কী ?
12. তাজমহলের অন্তরে কে বিরাজ করছে ?
13. কাদের নির্মমভাবে ছোটো করে রাখা হয়েছে ?
14. নারী দিবসে নরকে কী দিয়েছে ?
15. "সেদিন ছায়ায় এসো।" কোন্ দিনের কথা বলা হয়েছে ?
16. কবি নজরুল কীসের গান করেন বলে জানিয়েছেন ?
17. বিমলের ট্যাক্সিটা কোন্ কোম্পানির ?
18. নব অরণ্যের গানে কারা মুখরিত হবে ?
19. 'ভাঙা মন্দিরে চুনকাম' - কার উক্তি ?
20. কাকে 'রূপসী বাংলার কবি' বলা হয় ?

Cont...P/2.

21. 'পদ্মানদীর মাঝি' – কে লিখেছেন ?
22. বিমলের গাড়িটা তার কাছ থেকে কী আদুরে নাম পেয়েছে ?
23. রবীন্দ্রনাথ ঠাকুরের 'শেষের কবিতা' কোন্ ধরনের রচনা ?
24. "লোকটাও একটা যন্ত্র" – কোথায় আলোচনা হয় ?
25. বর্ণদ্বিত্ব-এর একটি উদাহরণ দাও।
26. গামোছা > গামছা - এই ধ্বনি পরিবর্তনের রীতিকে কী বলা হয় ?
27. বিমলের গাড়িটা তার কত বছরের সাথী ?
28. অনেক যুগের জন্মে থাকা পাপ কখন সাফ করতে হবে ?
29. কোন্ ধরনের বিদ্রোহ শ্রেষ্ঠ বলে লেখকের বিশ্বাস ?
30. "যুগের ধর্ম এই" – যুগের ধর্ম কী ?

III. সংক্ষেপে নীচের প্রশ্নগুলির উত্তর দাও (২০টি শব্দের মধ্যে) :-

2x5=10

31. কবি নজরুল ইসলামের কাব্য প্রতিভার পরিচয় দাও।
32. ঔপন্যাসিক শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের কৃতিত্ব বর্ণনা করো।
33. ধ্বনিপ্রধান ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।
34. ছন্দোলিপি করো :
বাঁশ বাগানের মাথার ওপর চাঁদ উঠেছে ওই,
মাগো আমার শোলোক বলা কাজলা দিদি কই ?
35. মাত্রাবৃত্ত ছন্দের বৈশিষ্ট্য কী ?

=====